গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি
রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২৪- ৩৬২ তারিখ: ২৯ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: দেশের তিনটি সরকারি আলিয়া মাদ্রাসা ও এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসায় অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিভিন্ন পর্যায়ে বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত ও বাউন্সব্যাককৃত শিক্ষার্থীদের রিপেমেন্টের জন্য ভুল তথ্য সংশোধন ও নতুন শিক্ষার্থীর তথ্য MIS সিস্টেমে হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.৬৩.১৩৭.২১ (অংশ-০১)-৩৮৯/১; তারিখ: ০১/১২/২০২৪খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন SPFMS কর্মসূচির BACS and Ibas++ স্কিম কর্তৃক সামাজিক নিরাপত্তা বেষ্টনীর উপকারভোগীদের অর্থ জিটুপি পদ্ধতিতে ইএফটি এর মাধ্যমে সরকারি কোষাগার হতে সরাসরি উপকারভোগীর ব্যাংক/মোবাইল অ্যাকাউন্টে প্রেরণ করা হয়। ২০২০-২১ হতে ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত সকল ধরণের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে অনলাইনে EFT -এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। যারা আগামী ১৯.০১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে ভুল তথ্য সংশোধন/হালনাগাদ বা নতুন করে আবেদন করতে ব্যর্থ হবেন অর্থ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক তাদের অর্থ সরকারি কোষাগারে ফেরত যাবে।

**MIS সফটওয়ারে এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয়:**

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত ও ধারাবাহিকভাবে অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। পাঠ বিরতি রয়েছে এরুপ শিক্ষার্থীর তথ্য এন্ট্রি না দেয়া;
০৩। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;
০৪। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৫। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৬। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম ও সন সঠিকভাবে পূরণ করতে হবে:
০৭। বৃত্তির ক্যাটাগরি (মেধা ও সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। ব্যাংক, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে:
০৯। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন
১০। তথ্য এন্ট্রি দেয়ার শেষ সময় ১৯.০১.২০১৫ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত।
১১। যে সকল শিক্ষার্থীগণ মাদ্রাসা থেকে বৃত্তি পেয়ে মাদ্রাসায় অধ্যায়নরত আছেন এবং স্কুল/কলেজ থেকে বৃত্তি পেয়ে মাদ্রাসায় অধ্যায়নরত আছেন শুধুমাত্র ঐ সকল শিক্ষার্থীগণ dme.finance.gov.bd লিংকে আবেদন করবেন।
১২। যে সকল শিক্ষার্থী মাদ্রাসা থেকে বৃত্তিপ্রাপ্ত হয়ে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিকেল, ইন্জিনিয়ারিং ভর্তি হয়েছেন তারা স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত লিংকে আবেদন করবেন।
১৩। ২০২০-২১ হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত যে সকল শিক্ষার্থীর বৃত্তির অর্থ বাউন্সব্যাক হয়েছে/ আবেদন করেননি অথবা আবেদন অসম্পূর্ণ রয়েছে তাদেরকে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত লিংকে আবেদন সম্পূর্ণ/সংশোধন করতে হবে।
১৪। যারা আগামী ১৯.০১.২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে আবেদন/ ভুল সংশোধন/হালনাগাদ করতে ব্যর্থ হবেন তাদের অর্থ সরাকরি কোষাগারে জমা বা ফেরত যাবে, সেক্ষেত্রে কোন অর্থ পূণরায় দাবী করতে পারবেন না।

এমতাবস্থায়, মাদ্রাসা প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে উল্লিখিত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ দ্রুত প্রেরণের সুবিধার্থে বর্ণিত তথ্যসমূহ আগামী ১৯.০১.২০২৫খ্রি. বিকাল ৫.০০ টার মধ্যে MIS অনলাইন সফটওয়্যা র dme.finance.gov.bd লিংকে প্রবেশ করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য এন্ট্রি/হালনাগাদ/ভুল সংশোধনের জন্য অনুরোধ করা হলো।

13.01.25
মোঃ আবুল বাসার
উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৪

অধ্যক্ষ/সুপার
সরকারি আলিয়া মাদ্রাসা (সকল)
এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা (সকল)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২৪- ৩৬২ তারিখ: ২৯ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

13.01.25
মোঃ আবুল বাসার
উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর